**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা পরিষদ কার্যালয়
নাটোর সদর, নাটোর

**নাটোর সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :**

**সভাপতি :** মোঃ শরিফুল ইসলাম রমজান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর, নাটোর।
**সভার তারিখ :** ২৩/০৯/২০২১; সময় : সকাল ১১.৩০ ঘটিকা।
**স্থান :** উপজেলা পরিষদ মিলনায়তন, নাটোর সদর, নাটোর।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণ ঃ পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে**

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ শরিফুল ইসলাম রমজান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর, নাটোর মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর সভার মূল কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, কে অনুরোধ জানান।

১. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটোর গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২. সভাপতি সভায় উপস্থিত সদস্যদের নিকট থেকে মতামত আহবান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

৩. **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) :**

<table>
<tr><th>ক্রম</th><th>সভায় আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>ক)</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর কর্মরত উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা করেন। তিনি উল্লেখ করেন যে,<br>১. স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন জিওবি এবং জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৫ম পর্যায়ে ১০(দশ) লক্ষ টাকা দক্ষতা উন্নয়নমূলক উপ-প্রকল্প এবং ৬০ (ষাট) লক্ষ টাকা অবকাঠামো উন্নয়নগত উপ-প্রকল্প বাস্তবায়নের বরাদ্দর অনুমোদন প্রদান করা হয়েছে। দক্ষতা উন্নয়নমূলক উপ-প্রকল্প জনসচেতনতা/কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়ক প্রশিক্ষণ, সেমিনার, ক্যাম্পেইন ইত্যাদি বিষয়ে অন্তর্ভূক্ত থাকবে। এক্ষেত্রে প্রতিটি উপ-প্রকল্পের বাজেট হবে দক্ষতা উন্নয়নমূলক সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা থেকে সর্বোচ্চ (দুই) লক্ষ টাকা অবকাঠামোগত উন্নয়নমূলক উপ-প্রকল্প সর্বনিম্ন ১০ (দশ) লক্ষ টাকা থেকে সর্বোচ্চ ৬০ (ষাট) লক্ষ টাকা। প্রস্তাবিত অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্পসমূহ বিস্তারিত আলোচনা সাপেক্ষে সম্ভাবনা যাচাই, নকশা ও ব্যয় প্রাক্কলন পূর্বক অনুমোদনের জন্য পিএমইউ তে প্রেরণ করা হবে।<br>তিনি ইউজিডিপির আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প নির্বাচন করে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে প্রেরন করার অনুরোধ করেন।<br>এরপর উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত -------------<br>১. নাটোর সদর উপজেলার বিভিন্ন গুপরুত্বপূর্ন হাট-বাজার ও শিক্ষা প্রতিষ্ঠানে এবং গুরুত্বপূর্ণ রাস্তার মোড়ে স্ট্রিট লাইট স্থাপন।<br>২. নাটোর সদর উপজেলার প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্য সেবা নিশ্চিত কল্পে একটি এ্যামবুলেন্স সরবরাহ।<br>৩. নাটোর সদর উপজেলার নিবন্ধিত কৃষক সমিতির অনুকুলে কৃষি যন্ত্রপাতি সরবরাহ আলোচনা করা হয়।<br>অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় নিমোক্ত ০৩ টি জনগুরুত্বপুর্ন বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৫ম পর্যায়ের আর্থিক সহায়তায় বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের তালিকা:
<table>
<tr><th>ক্রম</th><th>উপ-প্রকল্পের নম্বর</th><th>উপ-প্রকল্পের নাম</th><th>টাকা</th><th>আইটি</th><th>ভ্যাট</th><th>বরাদ্দ কৃত টাকা (ভ্যাট ও ট্যাক্স সহ)</th></tr>
<tr><td>১.</td><td>INF-২০২০-২১</td><td>নাটোর সদর উপজেলার</td><td>২০০০০০০০/-</td><td>৬৭০৩৯/-</td><td>১৬৭৫৯৮/-</td><td>২২,৩৪৬৬৭/-</td></tr>
</table>
</td><td>১। গৃহিত উপ-প্রকল্পসমুহ অনুমোদন করার প্রস্তাব এবং জরুরী ভিত্তিতে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর পরিচালক বরাবর প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।<br><br>অনুমোদিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী ও বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহিত হলো।<br><br>২। প্রকল্পের বিল ও ভ্যাট আয়কর সহ</td><td>১. চেয়ারম্যান উপজেলা পরিষদ নাটোর সদর<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর।<br><br>৩। উপজেলা প্রকৌশলী, নাটোর সদর।<br><br>৪। উপজেলা ডেভেলপ মেন্ট ফ্যাসিলিটেটর নাটোর সদর<br><br>৫। সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যবৃন্দ</td></tr>
</table>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ৫০৬৯৬৩-০১ | বিভিন্ন গুরুত্বপূর্ণ হাট-বাজার ও শিক্ষা প্রতিষ্ঠানে এবং গুরুত্বপূর্ণ রাস্তার মোড়ে স্ট্রিট লাইট স্থাপন | | | | |
| ২ | INF-২০২০-২১ ৫০৬৯৬৩-০২ | প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিতকল্পে একটি এ্যামবুলেন্স সরবরাহ। | ২৫০০০০০০/- | ৮৩৭৯৯/- | ২০৯৪৯৭/- | ২৭,৯৩২৯৬/- |
| ৩ | INF-২০২০-২১ ৫০৬৯৬৩-০৩ | নিবন্ধিত কৃষক সমিতির অনুকুলে কৃষি যন্ত্রপাতি সরবরাহ | ১৫০০০০০০/- | ৫০২৭৯/- | ১২৫৬৯৮/- | ১৬,৭৫৯৭৮/- |
| | | সর্বমোট | ৬০,০০,০০০/- | ২০১১১৭/- | ৫০২৭৯৩/- | ৬৭,০৩৯৬০/- |

এবং পিএসসি কর্তৃক অনুমোদিত দক্ষতা উন্নয়নমূলক উপ-প্রকল্প সমূহ মামিক সভায় অনুমোদনের জন্য আলোচনা করা হলো ঃ-

| ক্র: নঃ | উপ-প্রকল্পের নম্বর | উপ-প্রকল্পের নাম | টাকা | আইটি | ভ্যাট | বরাদ্দ কৃত টাকা (ভ্যাট ও ট্যাক্স সহ) |
|---|---|---|---|---|---|---|
| ১ | সিডি-২০১২০-২১-৫০৬৯৬৩-০১ | উপজেলা পর্যায়ের বেকার যুবমহিলাদের আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পাপোশ ও কুটির শিল্প তৈরির সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | ১৫৯১০০/- | ৩৩২৫/- | ৫১৬৩/- | ১৬৭৫৮৮/- |
| ২ | সিডি-২০১২০-২১-৫০৬৯৬৩-০২ | বেকার যুবকদের রংমিস্ত্রি, রাজমিস্ত্রী, ওয়েলডিং মিস্ত্রি ও কাঠমিস্ত্রির কাজ প্রশিক্ষণ | ১৫৪৪৮০/- | ৩৫৯৭- | ৫০৬৭/- | ১৬২৯৪৪/- |
| ৩ | সিডি-২০১২০-২১-৫০৬৯৬৩-০৩ | আধুনিক প্রযুক্তিতে গবাদি পশুর প্রাথমিক চিকিৎসায় স্থানীয় ভাবে সহায়ক রিসোর্স পারসন তৈরি বিষয়ক প্রশিক্ষণ | **১৬০৩৮০/-** | **২,৮২০/-** | **৫,৯১৩/-** | ১৬৯১১৩/- |
| ৪ | সিডি-২০১২০-২১-৫০৬৯৬৩-০৪ | নাটোর উপজেলার শিক্ষিত বেকার যুবদের ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ | ১৭৬০০০/- | ৩৮৬০/- | ৬১০৫/- | ১৮৫৯৬৫/- |
| ৫ | সিডি-২০১২০-২১-৫০৬৯৬৩-০৫ | করোনাকলিীণ আর্থিক মন্দায় ক্ষতিগ্রস্থ বেকার যুবকদের ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং বিষয়ে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | ১৭৫০৪০/- | ৩৫৬৪/- | ৭০০০/- | ১৮৫৬০৪/- |
| ৬ | সিডি-২০১২০-২১-৫০৬৯৬৩-০৬ | করোনাকালীন আর্থিক মন্দা উত্তরণে যুব মহিলাদের জন্য ব্লক বাটিক তৈরির উপর প্রশিক্ষণ | ১৭৫০০০/- | ৪০২০/- | ৮০২৯/- | ১৮৭০৪৯/- |
| | সর্বমোট | | ১০, ০০,০০০/- | ২১১৮৬/ | ৩৭২৭৭/ | ১০৫৮২৬৩/- |

২। চলমান অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কার্যক্রম সম্পর্কে উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর বলেন, প্রশিক্ষণ কার্যক্রমের মোট সাতটি ট্রেনিং এর তিনটি শেষ হয়েছে আর অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের ২০১৯-২০২০ (তৃতীয় পর্যায়ের) তিনটি কমিউনিটি ক্লিনিকের লেবার সেড নির্মাণ কাজ চলছে আর জয়বাংলা হাট ও দরাপপুর বাজারে স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী আরো বলেন, **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় টেন্ডারকৃত প্রকল্প** INF-২০১৮-১৯-৫০৬৯৬৩-০২ জয়বাংলা হাট ও দরাপপুর হাট এ স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন নির্মাণ প্রকল্পের কাজটি ঠিকাদার প্রতিষ্ঠান সমাপ্ত করেছেন এবং বিলের জন্য আবেদন করেছেন।

৩। ইউডিএফ আরো জানান যে, নাটোর সদর উপজেলার পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ শেষ হয়ে গেছে বিধায় উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় থেকে প্রতিবছর উপজেলা পারফরম্যান্স এসেসমেন্টস টিম আসে তাদের নম্বরের ভিত্তিতেই সারাদেশের উপজেলাগুলির বরাদ্দ পায়। বিধায় জরুরী ভিত্তিতে পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরি করার প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।

১১,২৮,৬৩৬/- এগার লক্ষ আটাশ হাজার ছয়শত টাকার বিল ভাউচার প্রস্তুত পূর্বক প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো।

৩। নাটোর সদর উপজেলার জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরী করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে এবং গাইড লাইন অনুয়ায়ী সর্বসম্মতিভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪. **উপজেলা নির্বাহী বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর বলেন যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর |

৫. **উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | ইপিআই কাজের অগ্রগতি : ১। ক) পেন্টাভাইলেন্ট / পিসিভি / ওপিভি-১ম ১০০%; ২য়-১০০%; ৩য়ঃ-১০০%; বিসিজি-১০০; এম,আর-১ম ৯৮%; ২য়-১০০%<br>২। যক্ষ্মা কার্যক্রম : ৬৪ জন, পুরুষ : ৩৯ জন, মহিলা : ২৫ জন।<br>৩। কুষ্ঠ কার্যক্রম-নতুন রোগী নাই।<br>৪। সিসি কার্যক্রম : নির্মিত সিসি-২৮টি। সিসিতে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা-২০,৫৫০ জন<br>৫। উপ-স্বাস্থ্য কেন্দ্র : নাটোর সদর -০১টি। মোট রোগী - ১৯,৫০০জন ।<br>৬। আইএমসিআই সেবা প্রাপ্ত রোগী-৯৫ জন ।<br>৭। এসআই কার্যক্রম : খাদ্য নমুনা পরীক্ষাগারে : নাই। হাট-বাজার শিক্ষা সেশন -০৬টি। অংশ গ্রহনকারী-৮৫ জন । | ১। উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠানের ৭ কার্যদিবসের মধ্যে কার্যপত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, নাটোর সদর। |

৬. **পরিবার পরিকল্পনা বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নাটোর সদর, সভায় জানান যে, আগস্ট ২০২১ খ্রিঃ মাসের উপজেলার মোট সক্ষম দম্পতি সংখ্যা ৭৪৬৯৩ জন। উপজেলার মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬১৫১৭ জন। উপজেলার মোট পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৩৬%। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমে স্থায়ী পদ্ধতির লক্ষ্যমাত্রা-৫৪, অর্জন-১৬, হার-৩৭.২৭%। মাঠ পর্যায়ে ২৭ জন পরিবার কল্যাণ সহকারি বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত সেবা প্রদান করছে। এছাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপ-সহকারি কমিউনিটি মেডিক্যাল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা এবং স্যাটেলাইট ক্লিনিকে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করছে। মাঠ পর্যায়ে কন্ট্রাসেপটিভ, ঔষধ সামগ্রী সরবরাহ ও বিতরণ নিয়মিত চলছে। সেবার কার্যক্রম মোটমোটি সন্তোষজনক। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। সভাপতি মহোদয় স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১। উপজেলা পঃ পঃ অফিসার নাটোর সদর। |

৭. **কৃষি বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | ১। খরিপ-২/২০২১-২০২২ মৌসুমে আমন রোপন সম্পন্ন হয়েছে।। রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ১০,৬৯০ হেক্টর। এ পর্যন্ত অর্জিত হয়েছে ১০,৯৫৫ হেক্টর। রবি মৌসুমের আবাদ শুরু হয়েছে।<br>২। সারের মজুদ পরিস্থিতি :<br>(সারণি নিচে)<br>৩। খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প এর আওতায় ৫০% ভর্তূকিতে কম্বাইন হার্ভেস্টার ক্রয়ে আগ্রহী চাষীদের আবেদন এর মধ্যে ১০ জন কৃষকের নামে কম্বাইন হার্ভেস্টার অনুমোদন হয়েছে। অনুমোদিত কৃষকের মধ্যে ০৩ জন কে কম্বাইন হার্ভেস্টার বিতরণ করা হবে। বাঁকি ০৭ জনকে আগামী নভেম্বর মাসে বিতরণ করা হবে।<br>৪। রবি ২০২১-২০২২ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় নাটোর সদর উপজেলায় ৩,৭০০ জন কৃষকের প্রণোদনা এসেছে। ইউনিয়ন ওয়ারী বিভাজন করা হয়েছে। অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হচ্ছে।<br>৫। খরিপ-২/২০২১-২০২২ মৌসুমে ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষে ফসল চাষাবাদ পদ্ধতি ও অন্যান্য ফসলের চাষাবাদ সম্পর্কে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে সার্বক্ষণিক পরামর্শ কার্যক্রম এর পাশাপাশি করোনা (Covid-19) কিভাবে ছড়ায়, করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার লক্ষণ, এই ভাইরাস থেকে প্রতিরক্ষার উপায় সম্বন্ধে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রেখেছেন। বর্তমানে ফসলের অবস্থা সন্তোষজনক। | ১। সারের সরবরাহ স্বাভাবিক থাকে এবং প্রকৃত কৃষকগণ যেন নির্ধারিত মূল্য অনুসারে সার ক্রয় করতে পারে-সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। সার পরিবহনে সার ডিলার ও কৃষকদের নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। | ১। উপজেলা কৃষি অফিসার, নাটোর সদর, নাটোর।<br><br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| সারের নাম | মজুদের পরিমাণ (মেঃ টঃ) | বস্তা প্রতি মূল্য | কেজি প্রতি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ইউরিয়া | ৩৭৫ | ৮০০/- | ১৬/- | বর্তমানে রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক |
| টিএসপি | ৯০ | ১১০০/- | ২২/- | |
| ডিএপি | ৩০৬ | ৮০০/- | ১৬/- | |
| এমওপি | ১১৯ | ৭৫০/- | ১৫/- | |

৮. **মৎস্য বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে,<br>১। অফিসে আগত ও মৎস্য চাষীর পুকুর পরিদর্শন পূর্বক ২২ জন মৎস্য চাষীকে পরামর্শ প্রদান করা সহ রোগ নিরাময়ে কারিগরি পরামর্শ প্রদান করা হয়েছে।<br>২। অত্র মাসে উপজেলা বিভিন্ন জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষে মৎস্য চাষ উপকরণের সহায়তা ও মৎস্য আইন বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের ফান্ড হতে বরাদ্দের জন্য বিশেষ অনুরোধ জানান। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নাটোর সদর। |

৯. **প্রাণি সম্পদ বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, নাটোর সদর উপজেলা প্রাণিসম্পদ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলছে। গবাদিপ্রাণির চিকিৎসা সেবা,পরামর্শ, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন এবং অন্যান্য সম্প্রসারণমূলক কাজ চলছে। বর্তমানে গবাদিপ্রাণি ও হাঁস-মুরগির মারাত্মক সংক্রামক রোগের প্রাদুর্ভাব নেই। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা প্রাণি সম্পদ অফিসার, নাটোর সদর |

**সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাসে টিকা প্রয়োগ ও চিকিৎসা ঃ**

| গবাদি প্রাণির টিকা প্রয়োগ | গবাদি প্রাণির রোগ নির্ণয় ও সেবা | হাঁস-মুরগির টিকা প্রয়োগ | হাঁস-মুরগির রোগ নির্ণয় ও সেবা |
|---|---|---|---|
| অ্যানথ্রাক্স টিকা=১০০০ গরু/মহিষ | ২৬৩৯টি গবাদি ও অন্যান্য পোষা প্রাণির | আরডিভি টিকা=৩,০০০ টি মুরগিতে | ১৮,৮০০ টি হাঁস মুরগির। |
| ক্ষুরা=৪৯৬ টি গরুতে | | বিসিআরডিভি টিকা=২৪,০০০ টি মুরগিতে | |
| বাদলা=১৬০ টি গরুতে | | ডাক প্লেগ=৪,০০০ হাঁসে | |
| পি, পি, আর=৮০০ ছাগল/ভেঁড়া | | গামবোরো= ৮,০০০ মুরগিতে | |
| | | ফাউল কলেরা=২০০ মুরগিতে | |
| গলাফুলা=৩০০গরু/মহিষে | | ফাউল পক্স=০০ মুরগিতে | |
| গোট পক্স=০০ | | মারেক্স টিকা=২,০০০ মুরগি | |

১। চলতি মাসে উৎপাদিত দুধের পরিমাণ ০.০১ লঃ মেঃ টন
২। চলতি মাসে উৎপাদিত ডিমের পরিমাণ ০.২১ কোটি
৩। চলতি মাসে উৎপাদিত মাংসের পরিমাণ ০.০১ লক্ষ মেঃ টন

**খামার সম্পর্কিত তথ্যাদি :**
১। দুগ্ধ খামার-১৯৬টি, ২। ছাগলের খামার-১৩২টি, ৩। ভেড়ার খামার-৪০টি, ৪। লেয়ার খামার-১৭টি, ৫। ব্রয়লার খামার-৬৫টি, ৬। সোনালী খামার-১৮১টি, ৭। হাঁসের খামার-২১টি, ৮। হ্যাচারী-২টি।
১,৩৪০টি গাভী/বকনায় কৃত্রিম প্রজনন করা হয়েছে। টিকা ও কৃত্রিম প্রজনন ফি বাবদ ননট্যাক্স রেভিনিউ আদায় হয়েছে = ৪২,১১৫/- টাকা, যা রাষ্ট্রীয় কোষাগারের সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করা হয়েছে।

১০. **প্রকল্প বাস্তবায়ন বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, নাটোর সদর উপজেলা পরিষদের অনুকূলে টিআর, কাবিটা ও কাবিখা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত টি.আর, কাবিখা ও কাবিটা বিভাজন করে প্রকল্প তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | ১। নাটোর সদর উপজেলার টি.আর, কাবিটা ও কাবিখার প্রকল্প দ্রুত প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাটোর সদর। |

১১. **সমাজ সেবা বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান যে,<br>১। সকল ভাতা, ঋণ, অনুদান, উপবৃত্তি কার্যক্রম সমূহ সামাজিক নিরাপত্তা কর্মসূচির অন্যান্য কার্যক্রমের ডিজিটালাইজেশন দ্রুত বাস্তবায়ন করার জন্য আলোচনা হয়।<br>২। বিভিন্ন কমিটির কার্যক্রম নিয়ে আলোচনা হয়।<br>৩। নিয়মিত রেজুলেশন পাঠানোর বিষয় নিয়ে আলোচনা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন। | ১। উপজেলা সমাজ সেবা অফিসার, নাটোর সদর<br>২। চেয়ারম্যান সংশ্লিষ্ট (সকল) ইউনিয়ন পরিষদ। |

| | | | |
|---|---|---|---|
| | ৪। বিকাশের মাধ্যমে ভাতা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>৫। ২০২১-২২ অর্থ বছরের অতিরিক্ত কোটার প্রতিবন্ধী ভাতার বরাদ্দ চূড়ান্তকরণ করা হয়। | | |

১২. **<u>প্রাথমিক শিক্ষা বিভাগ</u> :**

<table>
<tr><th>ক্রম</th><th>সভায় আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>ক)</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে,
<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০১</td><td>বিদ্যালয় খোলার প্রস্তুতি গ্রহণ ও বিদ্যালয় পাঠদান পরিচালনা।</td><td>গত ২৩/০৮/২০২১ তারিখ হতে সকল শিক্ষককে বিদ্যালয়ে উপস্থিত থেকে বিদ্যালয় খোলার জন্য পরিষ্কার পরিচ্ছন্ন গ্রহণ করা হয়েছে এবং ১২/০৯/২০২১ হতে সকল বিদ্যালয়ে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে অধিদপ্তর হতে প্রেরিত সময়সূচি অনুযায়ী পাঠদান কার্যক্রম চলছে।</td></tr>
<tr><td>০২</td><td>প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম।</td><td>প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা-২০২১ এর বিদ্যালয় পর্যায় হতে প্রাপ্ত ডিআর অনুযায়ী প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে প্রেরিত সফটওয়ারে এন্ট্রির কার্যক্রম চলমান।</td></tr>
<tr><td>০৩</td><td>বিদ্যালয় পরিদর্শন সংক্রান্ত</td><td>বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম যথানিয়মে চলছে।</td></tr>
<tr><td>০৪</td><td>বিভাগীয় অন্যান্য কার্যক্রম</td><td>বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথা নিয়মে চলছে।</td></tr>
</table></td><td>১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে।</td><td>১। উপজেলা শিক্ষা অফিসার।</td></tr>
</table>

১৩. **<u>মহিলা বিষয়ক বিভাগ</u> :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা মহিলা বিষয়ক প্রোগ্রাম অফিসার সভায় জানান যে,<br>১। ২০২১-২০২২ ভিজিডি চক্রের আওতায় আগস্ট ২০২১ মাস পর্যন্ত উপকারভোগীদের মাঝে খাদ্য বিতরণ সম্পন্ন।<br>২। ভিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২০২২ চক্রের নির্বাচিত উপকারভোগীদের স্ব-স্ব নামে ব্যাংক হিসাব খোলা চলমান।<br>৩। দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ২০২০-২০২১ অর্থ বৎসরের জন্য প্রত্যেক ইউনিয়নে ০৭ জন করে নতুন উপকারভোগী নির্বাচন করার বরাদ্দ পাওয়া যায় কিন্তু সময় স্বপ্লতার কারনে শুধুমাত্র ৩টি ইউনিয়নের যথা-লক্ষীপুর খোলাবাড়িয়া, বড়হরিশপুর, হালসা ইউনিয়নে ০৭ জন করে ভাতাভোগীদের তালিকা অনুমোদন পূর্বক অনলাইনে এমআইএস সম্পন্ন করা হয়েছে। বাঁকি ইউনিয়নের পরিষদের উপকারভোগীদের আগামী ৩০/০৯/২০২১ তারিখের মধ্যে এমআইএস সম্পন্ন করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা পাওয়া যায়। কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>৪। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় নাটোর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভার ৮টি ক্লাব স্বাস্থ্য বিধি মেনে চালু করা হয়েছে।<br>৫। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা প্রোগ্রাম অফিসার নাটোর সদর নাটোর। |

১৪. **<u>যুব উন্নয়ন বিভাগ</u> :**

<table>
<tr><th>ক্রম</th><th>সভায় আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>ক)</td><td>উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ের আগস্ট ২০২১ মাসের অগ্রগতি :
<table>
<tr><th>ক্রম</th><th>যুব ঋণ</th><th>আত্নকর্ম</th><th>পরিবার ভিত্তিক</th><th>উত্তরবঙ্গ প্রকল্প</th><th>ইমপ্যাক্ট প্রকল্প</th></tr>
<tr><td>১.</td><td>মোট ঋণ তহবিল</td><td>৭১,১৫,১৬৬/-</td><td>২৫,১৬,০৮৯/-</td><td>১,৪৫,১৬,৭৩৫/-</td><td>৩০,৯২,৩২০/-</td></tr>
<tr><td>২.</td><td>ক্রমপুঞ্জিত বিতরণ</td><td>৩,৮৪,৫৪,০০০/-</td><td>৪১,৯০,০০০/-</td><td>১,৬৫,৬৫,০০০/-</td><td>৩৬,২০,০০০/-</td></tr>
<tr><td>৩.</td><td>চলতি মাসে আদায়ের হার</td><td>৮৫.৪৭%</td><td>১০০%</td><td>৭৩%</td><td>৭০%</td></tr>
<tr><td>৪.</td><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>৯৬.৪৬%</td><td>৯৬.৮২%</td><td>৯৩.৮৭%</td><td>৮২.০৩%</td></tr>
<tr><td>৫.</td><td>ক্রমপুঞ্জিত ঋনীর সংখ্যা</td><td>৬৫১জন</td><td>২৮০ জন</td><td>৫১৩ জন</td><td>৬১ জন</td></tr>
</table></td><td>১। যুব ঋণ, আদায়য়ের হার ১০০% নিশ্চিত করতে হবে।<br>২। প্রশিক্ষণ এর গুনগত মান ঠিক রেখে ১০০% নিশ্চিত করতে হবে।<br>৩। আত্নকর্মসংস্থানের</td><td>১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, নাটোর সদর, নাটোর</td></tr>
</table>

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ৬. | চলতি মাসে প্রশিক্ষণের সংখ্যা | ৬০ জন | - | - | - | লক্ষমাত্রা ১০০% নিশ্চিত করতে হবে। | |
| | ৭. | প্রশিক্ষণের সংখ্যা (ক্রমপুঞ্জিত) | ৬,১১৬ জন | - | ১,৪২৫ জন | - | | |
| | ৮. | চলতি মাসে আত্নকর্ম প্রকল্প গ্রহণকারীর সংখ্যা | ০৭জন | - | - | - | | |
| | ৯. | ক্রমপুঞ্জিত প্রকল্প গ্রহণকারীর সংখ্যা | ৪,৩৯৯ জন | - | - | - | | |

১৫. **প্রকৌশল বিভাগ** :

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, অদ্য উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এডিপির নির্দেশিকার অনুচ্ছেদ-৭ এর প্রকল্প বাছাই কমিটির উপ-অনুচ্ছেদ-৪ এর নির্দেশনা অনুযায়ী ইউনিয়ন চেয়ারম্যান, সংশিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য ও স্থানীয় গন্যমাণ্য ব্যক্তিদের সমন্বয়ে যাচাই ও বাছাই অন্তে চুড়ান্তকৃত প্রকল্পসমূহ রেজুলেশনসহ উপস্থাপিত হয়। এছাড়া বিভিন্ন দপ্তরের স্থায়ী কমিটির সভায় গৃহিত প্রকল্প প্রস্তাব, প্রাপ্ত প্রকল্পসমূহ ও উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অবশেষে যাচাই বাছাই অন্তে কমিটির উপস্থিত সদস্যগণের সুপারিশের প্রেক্ষিতে **পরিশিষ্ট-"খ"** প্রস্তাবিত প্রকল্প তালিকা দাখিল করা হয়। উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশের প্রেক্ষিতে উপজেলা পষিদের মাসিক সভায় সভার সদস্যসহ বিভাগীয় কর্মকর্তাগণের অনুরোধের প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের সম্ভাব্য তহবিলকে বিবেচনা করে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করা হয় যা **পরিশিষ্ট "খ"** তে দেখানো হলো। উপজেলা প্রকৌশলী প্রকল্পগুলোর অনুকূলে উপজেলা পষিদের অর্থ বরাদ্দ প্রাপ্তি, অর্থ ব্যয়ের ধরণ নির্ধারণ ও চুড়ান্ত অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে তালিকা প্রস্তুতপূর্বক উপস্থাপন করেন। | ২। প্রস্তুতকৃত প্রকল্প তালিকা **পরিশিষ্ট "খ"** সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। তালিকার ক্রমিক নং ১ থেকে ১০ পর্যন্ত প্রকল্পগুলো প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে, ১১ থেকে ২৫ পর্যন্ত প্রকল্পগুলো সীমিত দরপত্র পদ্ধতিতে, ২৬ থেকে ২৮ পর্যন্ত প্রকল্পগুলো আর. এফ. কিউ পদ্ধতিতে সম্পন্ন করার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।<br>১। কোভিড-১৯ বিস্তার রোধকল্পে ৪,১৪,০০০/- (চার লক্ষ চৌদ্দ হাজার) টাকার মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে দ্রুততম সময়ে বিতরণের স্বার্থে আর্থিক রীতিনীতি অনুযায়ী আরএফকিউ এর মাধ্যমে ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রময় স্বাভাবিক রাখতে হবে। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ নাটোর সদর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর।<br>৩। উপজেলা প্রকৌশলী, নাটোর সদর।<br>৪। চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ, নাটোর সদর। |
| ক) | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, কোভিড-১৯ বিস্তার রোধকল্পে ৪,১৪,০০০/- (চার লক্ষ চৌদ্দ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। কোভিড-১৯ প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে দ্রুততম সময়ে বিতরণের স্বার্থে আর্থিক রীতিনীতি অনুযায়ী আরএফকিউ এর মাধ্যমে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | | |

১৬. **জনস্বাস্থ্য বিভাগ ঃ**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, নাটোর সদর উপজেলার নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট ১৮টি বরাদ্দ পাওয়া যায় যা ৮-১০টি পরিবারের মাঝে পানি সরবারাহ করা হবে এবং তা পরিপত্রের আলোকে বিভাজন করা প্রয়োজন। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বর্তমানে কোন সমস্যা নাই। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নাটোর। |

১৭. **সমবায় বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, ১। মোট সমিতির সংখ্যা ঃ (ক) কেন্দ্রীয় সমিতি ০৬টি (খ) বিভাগীয় সমিতি ৩৫২টি | ১। ঋণ আদায়ের হার ১০০% | ১। উপজেলা সমবায় |

২। অডিট সংক্রান্ত :

| | | |
|---|---|---|
| বরাদ্দ ২৩০টি | অডিট সম্পাদন-৩৮ | অডিট সম্পাদন বাঁকি-১৯২ |

৩। অডিট ফি :

| ধার্য্য | আদায় | মওকুফ | আদায় বাঁকি | আদায়ের হার |
|---|---|---|---|---|
| ১,২৮,৩২০/- | ১,২৮,৩২০/- | - | ৭১,০৪০/- | ১০০% |

৪। সমবায় উন্নয়ন তহবিল :

| | | | |
|---|---|---|---|
| ধার্য্য ২,৬১,৯৬৪/- | আদায়-১,৬৩,০৩০/- | আদায় বাঁকি-১০,০০,০০০/- | হার-৬২% |

৫। নিবন্ধন ফি ঃ ৯০০/- আদায়।

আশ্রয়ণ/আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প :

৬। মাহেশো আশ্রয়ণ প্রকল্প :

| বরাদ্দ | বিতরণ | আদায় | খেলাপী | হার | ব্যারাক |
|---|---|---|---|---|---|
| ৭,৮৬,০০০/- | ৩২,৯৫,০০০/- | ২৮,২৬,৫২৭/- | ৩,৫৩,৪৭৩/- | ৮৯% | ১০টি |

৭। চরতেবাড়িয়া আশ্রয়ণ ফেইজ-২ :

| বরাদ্দ | বিতরণ | আদায় | খেলাপী | হার | ব্যারাক |
|---|---|---|---|---|---|
| ৮,৪০,০০০/- | ২৪,৫১,০০০/- | ১৬,৩২,২৬৪/- | ১৬,২১,৬৬৪/- | ৭৩% | ১২টি |

৮। ক) **প্রকল্প সমূহ :** সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী-তৃতীয় পর্যায়ের কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে ০৪টি যৌথসভা অনুষ্ঠিত হয়েছে। গত মার্চ ২০২১ তারিখে ০৩টি যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। নতুন মোট ১৩টি সমিতি গঠন করা হয়েছে। বাকী সমিতি গঠন অব্যাহত আছে। যৌথ সভা চলমান আছে।

**খ) নারী উন্নয়ন/গাভী পালন :**

**গ) পানি ব্যবস্থাপনা প্রকল্প :**

**১০। পানি ব্যবস্থাপনা প্রকল্প :**

ক) নেপালদিঘী গোয়ালদিঘী পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিমিটেড।

খ) রামপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিমিটেড।

গ) উত্তরা পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিমিটেড।

ঘ) নারায়ণপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিমিটেড।

উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন শীর্ষক প্রকল্প এর এপ্রিল/২০২১ ইং মাস বাস্তবায়ন প্রতিবেদন :

| ক্রমিক নং | সমিতির নাম | আবর্তক তহবিলে ঋণ বিতরণ | ঋণ আদায় যোগ্য | ঋণ আদায় আসল | সার্ভিস চার্জ | সর্বমোট হার % |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চাঁদপুর নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ | ১২,০০০,০০০/- | ৬২৯২০০০/- | ৪৭১১৫০০/- | ৩,৬২,৬০০/- | ৯৫% |
| ০২ | কামারদিয়ার নারী উঃ সঃ সঃ লিঃ | ৭,০০,০০০/- | ৬৫৬২০০০/- | ৪৩,৫৯,৯৭০/- | ৩,২৭,৭০০/- | ১০০% |

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| নিশ্চিত করতে হবে এবং খেলাপী ঋণের হার কমাতে হবে। | অফিসার, নাটোর সদর, নাটোর |

১৮. <u>পল্লী উন্নয়ন বিভাগ</u> :

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, (নিচের সারণি দুটি দেখুন) | ১। বিভাগীয় কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

(লক্ষ টাকা)

| মোট সমিতি /দল গঠন (বছরে) | | সমিতি/ দলের সদস্যদের প্রশিক্ষন (বছরে) | | ঋণ বিতরণ (বছরে) | | ঋণ আদায় (বছরে) | |
|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ৩৬টি | ৭টি | ৬০০০ জন | ৫০০ জন | ৯০০.০০ | ৯৮.৬৯ | ৯৫০.৫০ | ১৩৫.৭৬ |

(লক্ষ টাকা)

| শেয়ার আদায় (বছরে) | | সঞ্চয় আদায় (বছরে) | | স্কীম বাস্তবায়ন (বছরে) | | এসএম ই ঋণ বিতরণ (বছরে) | | আদায় | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ৫.০০ | ০.১১ | ২৫.০০ | ৫.৫২ | ৪ | ০ | ৫৩.৫০ | ৫৩.৫০ | ৫৩.৫০ | - |

এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বর্তমানে কোন সমস্যা নাই।

১৯. **বন বিভাগ :**

| ক্রম | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বর্তমানে কোন সমস্যা নাই। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা বন সংরক্ষক, নাটোর সদর। |

২০. **মাধ্যমিক শিক্ষা বিভাগ :**

<table>
<tr><th>ক্রম</th><th>সভায় আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>ক)</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,
<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১.</td><td>Online MPO কার্যক্রম সংক্রান্ত</td><td>স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের Online MPO কার্যক্রম চলমান।</td></tr>
<tr><td>২.</td><td>শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট মূল্যায়ন কার্যক্রম সংক্রান্ত</td><td>শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট মূল্যায়ন কার্যক্রম চলমান।</td></tr>
<tr><td>৩.</td><td>Online Class কার্যক্রম</td><td>Online Class কার্যক্রম চলমান।</td></tr>
<tr><td>৪.</td><td>৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীর ডেটাবেজ এবং ইউনিক আইডি প্রদান কার্যক্রম।</td><td>৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীর ডেটাবেজ এবং ইউনিক আইডি প্রদান কার্যক্রম চলমান।</td></tr>
</table>
এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে।</td><td>১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাটোর।</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শরিফুল ইসলাম রমজান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নাটোর সদর, নাটোর।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা পরিষদ কার্যালয়
নাটোর সদর, নাটোর

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৬৩.০০০.৪১.০৫৮.১৭-২৭৭(৫০)

তারিখ ঃ আশ্বিন ১৪২৮ / সেপ্টেম্বর ২০২১

**অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।**

১. মাননীয় সংসদ সদস্য, ৫৯ নাটোর-২ নাটোর।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
৪. জেলা প্রশাসক, নাটোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর, নাটোর।
৭. মেয়র, নাটোর পৌরসভা, নাটোর।

**অনুলিপি ঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো**

১. মহিলা ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর, নাটোর।
২. উপজেলা ---------------------------------------- অফিসার, নাটোর সদর, নাটোর।
৩. চেয়ারম্যান --------------------------------------- ইউপি, নাটোর সদর, নাটোর।
৪. জনাব/বেগম------------------------------------------------।
৫. অফিস নথি ------------------------------------------------।

মোছাঃ আফরোজা খাতুন
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
নাটোর সদর, নাটোর
ফোন ঃ ০৭৭১-৬৬৮২৬
ফ্যাক্স ঃ ০৭৭১-৬১১২৭
মোবাইলঃ ০১৭৬২৬৯২১১৩
ই-মেইল ঃ unonatore@mopa.gov.bd

সভায় উপস্থিত / অনুপস্থিত সদস্যগণ ঃ পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে

| ক্রম | সভার সদস্যবৃন্দের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শরিফুল ইসলাম রমজান, চেয়াম্যান উপজেলা পরিষদ, নাটোর সদর, নাটোর | উপস্থিত |
| ২. | জনাব উমা চৌধুরী জলি, মেয়র, নাটোর পৌরসভা | অনুপস্থিত |
| ৩. | জনাব শেখ কামরুন নাহার কাজল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর | উপস্থিত |
| ৪. | জনাব আব্দুল্লাহ আল সাকিব, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর | ” |
| ৫. | জনাব মোঃ তোফাজ্জেল হোসেন সরকার, চেয়ারম্যান, ১নং ছাতনী ইউনিয়ন | ” |
| ৬. | জনাব মোঃ ওমর আলী প্রধান, চেয়ারম্যান, ২নং তেবাড়িয়া ইউনিয়ন | ” |
| ৭. | জনাব খন্দকার ওমর শরীফ চৌহান, চেয়ারম্যান, ৩নং দিঘাপতিয়া ইউনিয়ন | ” |
| ৮. | জনাব মোঃ আলতাফ হোসেন, চেয়ারম্যান, ৪নং লক্ষীপুর ইউনিয়ন | ” |
| ৯. | জনাব মোঃ ওসমান গণি ভুঁইয়া, চেয়ারম্যান, ৫নং বড়হরিশপুর ইউনিয়ন | ” |
| ১০. | জনাব মোঃ ইলিয়াস আলী মোল্লা, চেয়ারম্যান, ৬নং কাফুরিয়া ইউনিয়ন | অনুপস্থিত |
| ১১. | জনাব মোঃ জহুরুল ইসলাম, চেয়ারম্যান, ৭নং হালসা ইউনিয়ন | উপস্থিত |
| ১২. | জনাব মোছাঃ কহিনুর বেগম পান্না, সংরক্ষিত মহিলা সদস্য | অনুপস্থিত |
| ১৩. | জনাব মোছাঃ সফুরা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য | উপস্থিত |
| ১৪. | জনাব মোছাঃ আয়েশা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য | ” |

সভায় উপস্থিত / অনুপস্থিত অফিসারবৃন্দ ঃ পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে

| ক্রম | সভার সদস্যবৃন্দের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১. | জনাব মোছাঃ আফরোজা খাতুন, উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটোর | উপস্থিত |
| ২. | জনাব মোঃ মেহেদুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার, নাটোর সদর, নাটোর | ” |
| ৩. | জনাব ডাঃ মোঃ মাহবুবুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, নাটোর সদর, নাটোর | অনুপস্থিত |
| ৪. | জনাব মোছাঃ দিলারা খাতুন, উপজেলা পঃপঃ কর্মকর্তা, নাটোর সদর, নাটোর | উপস্থিত |
| ৫. | জনাব ডাঃ মোঃ সেলিম উদ্দিন, উপজেলা প্রাণি সম্পদ অফিসার, নাটোর সদর | ” |
| ৬. | জনাব মোঃ ইমদাদুল হক, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নাটোর সদর, নাটোর | ” |
| ৭. | জনাব মোঃ ওমর খৈয়াম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নাটোর সদর, নাটোর | ” |
| ৮. | জনাব শেখ মোঃ মাহমুদুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর | ” |
| ৯. | জনাব মোঃ তানভীর বুলবুল খান, উপজেলা সমাজসেবা অফিসার, নাটোর সদর, নাটোর | ” |
| ১০. | জনাব হাসনা জাহান, প্রোগ্রাম অফিসার, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর নাটোর সদর, নাটোর | অনুপস্থিত |
| ১১. | জনাব মোঃ আব্দুস সবুর, উপজেলা যুব উন্নয়ন অফিসার, নাটোর সদর, নাটোর | উপস্থিত |
| ১২. | জনাব শেখ মোহাম্মদ আবু সাঈদ মোস্তাফিজুর রহমান, উপজেলা প্রকৌশলী, নাটোর সদর, নাটোর | ” |
| ১৩. | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ” |
| ১৪. | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর | ” |
| ১৫. | জনাব সুজিত কুমার মুন্সী, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নাটোর সদর, নাটোর | ” |
| ১৬. | জনাব সত্যেন্দ্রনাথ সরকার, উপজেলা বন সংরক্ষক, নাটোর সদর, নাটোর | ” |
| ১৭. | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় অফিসার, নাটোর সদর, নাটোর | ” |
| ১৮. | জনাব শাহ কিবরিয়া মাহমুদ তন্ময়, সহকারি প্রকৌশলী, বিএডিসি, নাটোর জোন, নাটোর | ” |
| ১৯. | জনাব আহসানুল করিম, সহকারি প্রকৌশলী, বিএমডিএ, নাটোর। | ” |
| ২০. | মোঃ আছাফুল ইসলাম সিদ্দিকী, ইউডিএফ, নাটোর সদর উপজেলা, নাটোর। | ” |